তারিখ ...27 JUL 2016...
পৃষ্ঠা ...2... কলাম 6...

সমকাল

# ইডেন কলেজের পাঁচ ছাত্রী রিমান্ডে

■ আদালত প্রতিবেদক

জঙ্গিবাদের অভিযোগে গ্রেফতার ইডেন কলেজের পাঁচ ছাত্রীকে তিন দিন করে পুলিশ রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদের অনুমতি দিয়েছেন আদালত। গতকাল মঙ্গলবার ঢাকার মহানগর আদালতে লালবাগ থানার এসআই মিজানুর রহমান গ্রেফতার ছাত্রীদের জিজ্ঞাসাবাদের জন্য পাঁচ দিনের রিমান্ড আবেদন করেন। শুনানি শেষে মহানগর হাকিম সত্যব্রত শিকদার প্রত্যেককে তিন দিন করে রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদের অনুমতি দেন।

সোমবার ইডেন কলেজের হোস্টেল ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## ইডেন কলেজের

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

থেকে জঙ্গিবাদের অভিযোগে পাঁচ ছাত্রীকে আটক করে পুলিশ। পরে তাদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে লালবাগ থানায় মামলা করা হয়।

গ্রেফতাররা হচ্ছেন- ইডেন কলেজের রসায়ন বিভাগের ছাত্রী সাবিহা আফরিন সীমা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ছাত্রী উম্মে সালমা রুমা, সমাজকর্ম বিভাগের ছাত্রী মাকসুদা খাতুন, ইংরেজি বিভাগের ছাত্রী নাসরিন সুলতানা এবং ইসলামিক স্টাডিজ বিভাগের ছাত্রী ফৌজি আক্তার। তারা সবাই ইসলামী ছাত্রী সংস্থার সদস্য।